পাকিস্তান সফরে ঢাকা ছাড়লেন জাতীয় সংসদের স্পিকার



স্পিকার হাফিজ উদ্দিন। ছবি: সংগৃহীত

পাকিস্তানের জাতীয় পরিষদের স্পিকারের আমন্ত্রণে সরকারি সফরে ইসলামাবাদের উদ্দেশে ঢাকা ছেড়েছেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ।

সোমবার (২৩ নভেম্বর) দুপুর ১টা ৪০ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে একটি ফ্লাইটে তিনি পাকিস্তানের উদ্দেশে রওনা হন। জাতীয় সংসদ সচিবালয় এ তথ্য নিশ্চিত করেছে।

স্পিকারের নেতৃত্বে সংসদ সদস্যদের একটি প্রতিনিধিদলও এ সফরে অংশ নিচ্ছে। দলে রয়েছেন সংসদ সদস্য নাসের রহমান, জহরত আদিব চৌধুরী, হুমাম কাদের চৌধুরী, মোহাম্মদ নাজিবুর রহমান ও নিলোফার চৌধুরী।

সফরে দুই দেশের সংসদীয় প্রতিনিধিদলের মধ্যে দ্বিপক্ষীয় স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে। পাশাপাশি বাংলাদেশ ও পাকিস্তানের সংসদীয় সম্পর্ক আরও জোরদারের বিষয়েও আলোচনা করবেন তাঁরা।

আগামী ২৯ নভেম্বর স্পিকারের নেতৃত্বে প্রতিনিধিদলটির দেশে ফেরার কথা রয়েছে।